# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

## যোগ্য মানুষের উপদেশ নাও

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

তারিকাহ হচ্ছে উপদেশ। ধর্ম হচ্ছে উপদেশ। অতীতে মানুষ এক দূরবর্তী জায়গা থেকে আরেক দূরবর্তী জায়গায় ভ্রমণ করে যেত উপদেশ শোনার জন্য। আজকের মানুষ উপদেশ গ্রহণ করে যদি তাদের সেটা ভালো লাগে। যখন তাদের তা ভালো লাগে না তখন তারা সেই উপদেশ গ্রহণ করে না অথবা তার প্রতি মনোযোগ দেয় না এবং এমন ভাব করে যেন তারা সেটা শোনেনি। তখন কি হয়? সে কোন উপকার পায় না।

যদি উপদেশ তোমার পছন্দমাফিক হয় (অনেক সময় তা হয়), তাহলে তোমার এমনিতেই উপদেশের দরকার নেই। অতএব, উপদেশ মান্য করা গুরুত্বপূর্ণ। অবশ্যই যার-তার কাছ থেকে উপদেশ নেয়া যাবে না। কিছু জিনিস তোমার শুনতে হবে যোগ্য মানুষের কাছ থেকে। ধর্মের ব্যাপারে উপদেশ ভিন্ন এবং জীবিকার ব্যাপারে উপদেশ ভিন্ন। তুমি বিভিন্ন ক্ষেত্রে উপদেশ নেবে সেই ক্ষেত্রের যোগ্য ব্যাক্তিদের কাছ থেকে। কিন্তু যার-তার কাছ থেকে উপদেশ নিও না, অথবা যে ব্যক্তি নিজে একটা জিনিস করতে পারে নি তার কাছ থেকে নিও না।

কেউ যদি তোমাকে খারাপ নির্দেশনা দেয়, যদি তোমাকে কেউ বলে, "তুমি এই লোককে এভাবে ফাঁসাবে, তোমাকে ধূর্ত হতে হবে, ইত্যাদি" তাহলে সেটা উপদেশ নয়। তোমাকে বুদ্ধিমান হতে হবে। তোমাকে বুদ্ধিমান হতে হবে যেন তুমি দেখতে পাও কার কাছ থেকে তুমি উপদেশ নিচ্ছ এবং কার কাছ থেকে উপকার পাচ্ছ।

"আদ-দীন আন-নাসিহাহ"। ইসলাম ধর্ম হচ্ছে উপদেশ। যে তোমার কাছে উপদেশের জন্য আসবে তাকে তোমার সর্বোত্তম কথাগুলোই বলতে হবে এবং তাতে আল্লাহ্ তোমার জন্য পুরস্কার লিখবেন। নাহলে, তুমি যদি এই ভেবে ভালো উপদেশ দেয়া থেকে বিরত থাকো যে, "এই লোক আমার থেকে এগিয়ে যেতে পারে" এবং বিশ্বাসহানী করে তাকে অন্য কিছু বল, তুমি আল্লাহ্‌র কাছে বিশ্বাসঘাতক হয়ে যাবে, তোমার নাম লিখা হবে মিথ্যুক হিসেবে, তুমি একজন গুনাহকারী হবে।

অতএব, উপদেশ দেয়া এবং পথ দেখানো একটি ভালো জিনিস। আমাদেরকে উপদেশ নিতে হবে যোগ্য ব্যক্তির কাছ থেকে। তুমি যদি কিছু জেনে থাকো তখন মানুষকে উপদেশ দেয়া হচ্ছে আমাদের

ধর্মের ভিত্তি। আল্লাহ্ যেন আমাদের সবাইকে ভালো পথপ্রদর্শণকারী দান করেন ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৯ অক্টোবার ২০১৬/৮ মুহাররাম ১৪৩৮
ফাজর নামায, আকবাবা দারগাহ।